

বন্ধু তোমার তালবাহানা লিরিক্সঃ-

বন্ধু তোমার তালবাহানা, মেনে নেওয়া যায় না(২)
ভাল লাগে নারে বন্ধু, ভাল লাগে না।(২)

সকালে বলো বন্ধু, ভালবাসি খুব।
বিকালে দেখি আমি, তোমার বহুরূপ।
বন্ধু, তোমার বহুরূপ। (২)

তুমি বন্ধু বহুরূপী, আগে জানা ছিলো না।(২)
ভাল লাগে নারে বন্ধু, ভাল লাগে না।(২)

ছয় রে নয় বানাও, নয় রে ছয়।
কথায় কাজে মিল নাই তোমার,
এ কেমন বিষয় বন্ধু, এ কেমন বিষয়। (২)

ভালবাসার নামে বন্ধু, করো শুধু ছলনা(২)
ভাল লাগে নারে বন্ধু, ভাল লাগে না।(২)

আমারে দেখাইয়া তুমি, মিথ্যা স্বপন।
চুপে চুপে করে তুমি করিলায় আপন
বন্ধু করিলা আপন (২)

স্বপ্না দেওয়ান বলে বন্ধু, চালাকি আর কইরো না(২)
ভাল লাগে নারে বন্ধু, ভাল লাগে না।(২)

বন্ধু তোমার তালবাহানা, মেনে নেওয়া যায় না(২)
ভাল লাগে নারে বন্ধু, ভাল লাগে না।(২)